গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

## সিটিজেন চার্টার

মন্ত্রীপরিষদ বিভাগ এর ২২/০৫/২০০৭ খ্রি. তারিখের স্মারক নং- মপবি (সংস্থা) ৯(৩)২০০৭-১৯৮ অনুযায়ী উপজেলা ভূমি অফিস, নবীনগর এর সার্বিক কার্যক্রম অধিকতর স্বচ্ছ গতিশীল ও সেবার মান উন্নয়নকরে সিটিজেন চার্টার প্রণয়ন করা হলো।

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদানের সময় | সেবা প্রদানের পদ্ধতি | সেবা প্রদানের স্থান |
|---|---|---|---|---|
| ০১ | ভূমি উন্নয়ন কর (কৃষি ও অকৃষি) | ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র (বাংলা সন হিসাবে) | কৃষি জমি: (ক) ৮.২৫ একর পর্যন্ত ভূমি উন্নয়ন কর দিতে হবে না<br>(খ) ৮.২৫ একর উর্ধ্বে হতে ১০ একর পর্যন্ত প্রতি শতাংশ ২.০০ টাকা হারে।<br>অকৃষি জমি: (ক) পৌর এলাকার ভিতরে: বাণিজ্যিক ১.০০ টাকা, শিল্প ৭৫.০০ টাকা, আবাসিক ২০.০০ টাকা।<br>(খ) জেলা সদরের বাইরে: বাণিজ্যিক ৪০.০০ টাকা, শিল্প ৩০.০০ টাকা, আবাসিক ১০.০০ টাকা। | ইউনিয়ন ভূমি অফিস |
| ০২ | নামজারি ও জামাখারি | সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং কানুনগো এর প্রতিবেদন প্রাপ্তির পর<br>(ক) নোটিশ জারির মাধ্যমে পক্ষগণের শুনানী গ্রহণ<br>(খ) শুনানীর সময় মূল দলিল পত্র উপস্থাপন<br>(গ) শুনানী শেষে নামজারির আদেশ নামজারি আবেদনে কোর্ট ফি ২০.০০ টাকা এবং সরকারি ফি বাবদ ১১৫০.০০ টাকা ডিসিআর এর মাধ্যমে গ্রহন করা হয় এবং দাখিলার জন্য ইউনিয়ন ভূমি অফিসে পাঠানো হয়। | উপজেলা ভূমি অফিস |
| ০৩ | নামজারি ও জমাখারিজ/ জমা একত্রীকরণের আদেশের রিভিউ | নামজারি অনুমোদনের ৩০ দিনের মধ্যে | আবেদনকারী কর্তৃক ২০ টাকা কোর্ট ফি সহ আবেদন করা হলে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদনের ভিত্তিতে পক্ষগণকে নোটিশের মাধ্যমে শুনানী গ্রহণ করা হয়। বিস্তারিত শুনানীর পরে আবেদন গ্রহণযোগ্য হলে নামজারি ও জমাখারিজ/ জমাএকত্রীকরণ মোকদ্দমার আদেশ বিভিউ করা হয়। বিপরীতক্রমে আবেদন অগ্রহণযোগ্য হলে তা আবেদনকারীকে জানিয়ে দেয়া হয়। প্রযোজ্য ক্ষেত্রে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদন ব্যতিরেকে শুধুমাত্র কাগজপত্র এবং দলিলাদির ভিত্তিতে শুনানী গ্রহণার্থে জমাখারিজের আদেশ বিভিউ করা হয়ে থাকে। এক্ষেত্রে খতিয়ান ফি বাবদ ১০০ টাকা প্রয়োজন হবে (প্রযোজ্য ক্ষেত্রে) | উপজেলা ভূমি অফিস |
| ০৪ | পেরিফেরি ভূক্ত বাজারের অস্থায়ী একসনা বন্দোবস্ত প্রদান ও নবায়ন | বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে সাধারণত ৪৫ দিন নবায়ন ক্ষেত্রে: ১৫ দিন | পেরিফেরিভূক্ত বাজারের চান্দিনাভিটি বন্দোবস্ত প্রাপ্তির জন্য ২০ টাকা কোর্ট ফি সংযুক্ত করে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে ট্রেড লাইসেন্স ও জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে এক্ষেত্রে-<br>(ক) ভিটির পরিমাণ সর্বোচ্চ আধা শতক বা ২০ বর্গ মিটার<br>(খ) প্রকৃত ব্যবসায়ীর ট্রেড সাইসেন্স থাকতে হবে। নীতিমালা অনুযায়ী প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়। নবায়নের জন্য আবেদন করা হলে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে নিতিমালা অনুসারে লীজমানি গ্রহণপূর্বক নবায়ন করা হয়। | (১) জেলা প্রশাসকের কার্যালয়<br>(২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(৩) উপজেলা ভূমি অফিস |
| ০৫ | অর্পিত সম্পত্তির নবায়ন | অনুর্ধ্ব ১৫ দিন | ইউনিয়ন ভূমি অফিসের প্রতিবেদনের আলোকে লীজের শর্তভঙ্গ না করলে প্রতি শতাংশ নাল,ভিটি,পুকুর,বাড়ী ও ইমারতের সরকার নির্ধারিত হারে লীজমানিপূর্বক নবায়ন করা হয় এবং ডি.সি আর প্রদান করা হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(২) উপজেলা ভূমি অফিস |
| ০৬ | ভিপি পুকুর জলাশয় ফলের বাগান ইজারা | প্রয়োজনীয় সময় | নীতিমালা অনুযায়ী নিলাম কমিটির মাধ্যমে প্রকাশ্য নিলামের মাধ্যমে তিন বছর মেয়াদী ইজারা প্রদান করা হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(২) উপজেলা ভূমি অফিস |
| ০৭ | কৃষি খাস জমি বন্দোবস্ত | প্রয়োজনীয় সময় | ১৯৯৭ সনে কৃষি খাস জমি বন্দোবস্ত ও নীতিমালা অনুযায়ী উপজেলা কৃষি খাস জমি বন্দোবস্ত কমিটির মাধ্যমে প্রস্তাব জেলা কৃষি খাস জমি বন্দোবস্ত কমিটির নিকট প্রেরণ করা হয়। বিস্তারিত তথ্যাদি উপজেলা ভূমি অফিসে পাওয়া যায়। | (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(২) উপজেলা ভূমি অফিস |
| ০৮ | অকৃষি খাস জমি বন্দোবস্ত | প্রয়োজনীয় সময় | ১৯৯৫ সনের অকৃষি খাস জমি বন্দোবস্ত নীতিমালা অনুযায়ী বন্দোবস্ত প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয় প্রেরণ করা হয়। | (১) জেলা প্রশাসকের কার্যালয়<br>(২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(৩) উপজেলা ভূমি অফিস |
| ০৯ | খতিয়ান ও নথির সার্টিফাইড কপি প্রদান | ১৫ দিন | উপজেলা ভূমি অফিস হতে নামজারি ও বিবিধ মোকদ্দমার আদেশ ও খতিয়ানের সার্টিফাইড কপি প্রদান করা হয়। সাধারণ ২০ টাকা জরুরী ৩০ টাকা কোর্ট ফি সংযুক্ত করে সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদন করতে হয়। | উপজেলা ভূমি অফিস |
| ১০ | জমি পরিমাপ | প্রয়োজনীয় সময় | সরকারী জমির সাথে ব্যক্তি মালিকানাধীন সম্পত্তি থাকলে তা ব্যক্তি মালিকানাধীন জমির মালিকের ২০ টাকা কোর্ট ফি দিয়ে সহকারী কমিশনার (ভূমি) বরাবর আবেদনের প্রেক্ষিতে সার্ভেয়ার কর্তৃক সীমানা নির্ধারণ করা হয়। | |
| ১১ | ব্যক্তি গত বিরোধ ও অবৈধ দখল পুনরুদ্ধার | প্রয়োজনীয় সময় | পক্ষগণের শুনানীর মাধ্যমে বিরোধ নিস্পত্তি করা হয়। | |
| ১২ | রেন্ট সার্টিফিকেট মামলা | প্রয়োজনীয় সময় | সরকারি বকেয়া পাওনা আদায় আইন, ১৯১৩ অনুযায়ী ভূমি উন্নয়ন করের বকেয়া দাবী ও পাওনা আদায় করা হয়। | |
| ১৩ | খতিয়ানে করণিক ভুল সংশোধন | সাধারণত ২৫ দিন | নির্দারিত ফরমে ২০ টাকা কোর্ট ফি সংযুক্ত করে আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদ এবং সার্ভেয়াররের প্রতিবেদন আলোকে শুনানীর মাধ্যমে রেকর্ড সংশোধন করা হয়া | উপজেলা ভূমি অফিস |
| ১৪ | করাতকল স্থাপনের জন্য মালিকানার প্রত্যয়নপত্র প্রদান | সাধারণত ২৫ দিন | ২০ টাকা কোর্ট ফি সংযুক্ত করে আবেদন করতে হয়। আবেদন প্রাপ্তির পর ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদ এবং সার্ভেয়াররের প্রতিবেদন আলোকে শুনানীর মাধ্যমে রেকর্ড সংশোধন করা হয়া | উপজেলা ভূমি অফিস |
| ১৫ | ভূমি শ্রেণী পরিবর্তনের আবেদন নিস্পত্তি | ৪০-৪৫ দিন | ভূমি শ্রেণী পরিবর্তনের নীতিমালা অনুযায়ী বন্দোবস্ত প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে জেলা প্রশাসকের কার্যালয় প্রেরণ করা হয়। | |
| ১৬ | তথ্য পরামর্শ অভিযোগ | তাৎক্ষণিক | উপজেলা ভূমি অফিসের হেল্পডেস্কে রক্ষিত অভিযোগ রেজিস্টারে অভিযোগ লিপিবদ্ধ করা হয়। এছাড়া সহকারী কমিশনার (ভূমি) সাথে যোগাযোগ করতে পারবেন। | উপজেলা ভূমি অফিস |

এ কার্যালয় থেকে বিনয়ী ও সহযোগিতামূলক সেবা পাওয়া আপনার অধিকার। নাগরিক সনদে বর্ণিত কোন সেবা প্রদান সম্পর্কে আপনার যে কোন পরামর্শকে আমরা স্বাগত জানাই। আপনার কোন অভিযোগ থাকলে নিম্নলিখিত ঠিকানায় তা পেশ করার জন্য অনুরোধ করা হলো।


জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
ফোন: ০১৭১৩-০৪৪৯৬০

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া
ফোন: ০১৭০৫-৪১১২০৪

উপজেলা নির্বাহী অফিসা, নবীনগর
ফোন: ০১৭০৫-৪১১২৩৬